গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি প্রমোশন শাখা
www.ictd.gov.bd

**"৪র্থ জাতীয় উন্নয়ন মেলা"-তে অংশগ্রহণের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও ব্যয় নির্ধারণ বিষয়ক সভার কার্যবিবরণী:**

সভাপতি: জনাব জুয়েনা আজিজ
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সভার তারিখ ও সময়: ১২.০৯.২০১৮ বুধবার, বেলা ১১.০০ টা
স্থান: কনফারেন্স রুম, আইসিটি টাওয়ার
উপস্থিতি: পতাকা-ক।

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি "৪র্থ জাতীয় উন্নয়ন মেলা"-তে অংশগ্রহণের লক্ষ্যে এ বিভাগে গত ৩০.০৮.২০১৮ এবং ০৬.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে উন্নয়ন মেলায় এ বিভাগের সকল সংস্থার সমন্বিত অংশগ্রহণের লক্ষ্যে পূর্ণাঙ্গ কর্মপরিকল্পনা ও সম্ভাব্য ব্যয় বিবরণী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে যুগ্ম সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত কর্মপরিকল্পনা ও ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর মেলায় এ বিভাগের স্টলের জন্য ব্যানার, ব্যাকড্রপ এবং পোস্টার এর ডিজাইন উপস্থাপন করেন। অত:পর উপস্থাপিত কর্মপরিকল্পনা ও বাজেট এর বিষয়ে বিস্তারিত পর্যালোচনার পর নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | মেলার প্রতিপাদ্য | '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা'র প্রতিপাদ্য প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্ধারিত হবে বিধায় নির্ধারিত প্রতিপাদ্য এ বিভাগের স্টল, ব্যানার, ব্যাকড্রপ ও পোস্টারের ডিজাইনে সন্নিবেশ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০২. | ব্যানারের ডিজাইন, ব্যাকড্রপ ও লোগো | ক. ব্যানারে আইসিটি বিভাগ ও ডিজিটাল বাংলাদেশ এর লোগোর অবস্থান এ বিভাগ কর্তৃক অনুসরিত ডিজাইন এর আঙ্গিকে করতে হবে।<br>খ. ব্যানারে A2I প্রোগ্রাম এর লোগো অন্তর্ভূক্ত করতে হবে। | ১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>২. প্রকল্প পরিচালক, A2I প্রোগ্রাম |
| ০৩. | অডিও/ভিজ্যুয়াল | ক. ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এ বিভাগ ও অধীনস্থ সংস্থার গৃহীত কার্যক্রম ও অর্জিত সাফল্যের উপর নির্মিত একটি হালনাগাদ অডিও/ভিজ্যুয়াল মেলায় প্রদর্শন করতে হবে।<br>খ. A2I প্রোগ্রাম এ বিভাগ ও অধীনস্থ সংস্থার বিদ্যমান অডিও/ভিজ্যুয়ালগুলোকে সমন্বিত করে মেলার জন্য একটি সংকলিত হালনাগাদ অডিও/ভিজ্যুয়াল তৈরী করবে। | ১. অতিরিক্ত সচিব (সাধারন সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।<br>২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।<br>৩. প্রকল্প পরিচালক, A2I প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |

প্রশাসন শাখা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডায়েরী নম্বর
তারিখঃ ..../..../২০১ খ্রিঃ

| | | | |
|---|---|---|---|
| | | গ. মেলার অডিও/ভিজ্যুয়াল সংকলনে নিম্নোক্ত কমিটি দায়িত্ব পালন করবে:<br><br>১. জনাব এহছানুল পারভেজ — আহবায়ক<br>যুগ্ম সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>২. জনাব আবুল খায়ের মো: আব্বাস আলী — সদস্য<br>উপ-নিয়ন্ত্রক, সিসিএ কার্যালয়<br>৩. জনাব মোস্তাইন বিল্লাহ — সদস্য<br>উপ পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>৪. জনাব মোঃ জফরুল আলম খান — সদস্য<br>সিনিয়র প্রোগ্রামার, বিসিসি<br>৫. জনাব জালাল উদ্দিন আহমদ — সদস্য<br>প্রধান বিশেষজ্ঞ (অপারেশন ও ক্রয়), A2I প্রোগ্রাম<br>৬. জনাব মো: গোলাম কিবরিয়া — সদস্য<br>জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ<br><br>কমিটি অতিরিক্ত সচিব (সাধারন সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর নিকট হালনাগাদ অডিও/ভিজ্যুয়ালটি **আগামী ০৭ দিনের মধ্যে** দাখিল করবেন। | |
| ০৪. | ব্রশিউর / লিফলেট / প্রকাশনা মেলায় প্রদর্শন / বিতরণ | এ বিভাগের অধীনস্ত সংস্থা এবং উন্নয়ন প্রকল্পের উল্লেখযোগ্য কার্যক্রম সম্পর্কিত হালনাগাদ ব্রশিউর/লিফলেট/প্রকাশনা উন্নয়ন মেলায় প্রদর্শন/বিতরণের জন্য এগুলোর পর্যাপ্ত সংখ্যক কপি আগামী ২০/০৯/২০১৮ তারিখের মধ্যে উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর - এর নিকট প্রেরণ করতে হবে। | ১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ<br>২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল<br>৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।<br>৪. নিয়ন্ত্রক, সিসিএ কার্যালয়।<br>৫. প্রকল্প পরিচালক, A2I প্রোগ্রাম।<br>৬. সকল প্রকল্প পরিচালক। |
| ০৫. | অর্জিত সাফল্য / পুরস্কার / আন্তর্জাতিক স্বীকৃতি বিষয়ক প্রচারণা | মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণ তথা আইসিটি সেক্টরে অর্জিত সাফল্য/পুরস্কার/ আন্তর্জাতিক স্বীকৃতির তথ্য স্থিরচিত্র/ এভি আকারে মেলায় প্রদর্শন করতে হবে। | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৬. | MDG ও SDG অর্জনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের গৃহীত উদ্যোগ / কার্যক্রম বিষয়ক প্রচারণা | মেলায় মানসম্মত শিক্ষা (SDG Goal-4), নারীর ক্ষমতায়ন (SDG Goal-5) এবং শিল্প, উদ্ভাবন এবং অবকাঠামো উন্নয়ন (SDG Goal-9) অর্জনে এ বিভাগের গৃহীত কার্যক্রমের এভি/ব্রশিউর এর মাধ্যমে প্রদর্শন করতে হবে। | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ০৭. | জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের রঙিন ভিডিও চিত্র প্রদর্শন | মেলায় জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের উপর নির্মিত রঙিন ভিডিও চিত্র প্রদর্শন করতে হবে। | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৮. | জেলা পর্যায়ে সেমিনার আয়োজন | মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ হতে "৪র্থ জাতীয় উন্নয়ন মেল"- র প্রতিপাদ্য নির্ধারিত প্রতিপাদ্যের সাথে সামঞ্জস্য রেখে জেলা প্রশাসনের সাথে আলোচনাক্রম সেমিনারের বিষয়বস্তু নির্ধারণ পূর্বক সেমিনার আয়োজন করতে হবে। | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৯. | উপজেলা পর্যায়ে কুইজ প্রতিযোগিতা আয়োজন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উদ্যোগে উপজেলা পর্যায়ে নিম্নের ৩টি বিষয়ের উপর কুইজ প্রতিযোগিতা আয়োজন করতে হবে।<br><br>**গ্রুপ** / **শ্রেণি** / **বিষয়**<br>ক / ১ম হতে ৫ম / বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ<br>খ / ৬ষ্ঠ হতে ৮ম / জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান<br>গ / ৯ম হতে ১০ম / ডিজিটাল বাংলাদেশ | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ১০. | <u>ব্যয় বরাদ্দ নির্ধারণঃ</u><br><br>উন্নয়ন মেলায় অংশগ্রহণের লক্ষ্যে গত ০৬.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় জেলা পর্যায়ের স্টল ও সেমিনার বাবদ যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার টাকা) ও ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হারে এবং উপজেলা পর্যায়ের (৬৪টি সদর উপজেলা ব্যতীত) স্টল ও কুইজ প্রতিযোগিতা বাবদ যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার টাকা) ও ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) হারে প্রদানের সুপারিশ করা হয়। এ বরাদ্দ যৌক্তিক মর্মে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন।<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, এ ব্যয়ের মধ্যে জেলা ও উপজেলা পর্যায়ের স্টল এবং জেলা পযায়ের সেমিনারের ব্যয় তাদের সংশ্লিষ্ট বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা সম্ভব। কিন্তু উপজেলা পর্যায়ের কুইজ প্রতিযোগিতা বাবদ মোট ২১,৪০,০০০/- (একুশ লক্ষ চল্লিশ হাজার) টাকা নির্বাহের জন্য পর্যাপ্ত বরাদ্দ তাদের নেই। তিনি এ আংশিক ব্যয়টি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে নির্বাহের জন্য অনুরোধ জানান। | ক. জেলা পর্যায়ের স্টলের জন্য ১৫,০০০/- (পনের হাজার) টাকা হারে মোট বরাদ্দ (১৫,০০০/-x ৬৪) = ৯,৬০,০০০/-<br><br>খ. জেলা পর্যায়ের সেমিনার বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হারে মোট বরাদ্দ (২৫,০০০/-x ৬৪) = ১৬,০০,০০০/-<br><br>গ. উপজেলা (৬৪টি সদর উপজেলা ব্যতীত) পর্যায়ের স্টলের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে মোট বরাদ্দ (১০,০০০/-x ৪২৮) = ৪২,৮০,০০০/-<br><br>ঘ. উপজেলা পর্যায়ের কুইজ প্রতিযোগিতা বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে মোট বরাদ্দ (৫,০০০/-x ৪২৮) = ২১,৪০,০০০/-<br><br>মোট = ৮৯,৮০,০০০/- (উনানব্বই লক্ষ আশি হাজার টাকা)।<br><br>(ঙ) এ ব্যয়ের মধ্যে (ক)-(গ) এর মোট ৬৮,৪০,০০০/- (আষট্রি লক্ষ চল্লিশ হাজার) টাকা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সংশ্লিষ্ট খাতের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা হবে।<br><br>(চ) উপজেলা পর্যায়ের উন্নয়ন মেলার কুইজ প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় ব্যয় ২১,৪০,০০০/- (একুশ লক্ষ চল্লিশ হাজার) টাকা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অনুষ্ঠান/উৎসবাদি কোডের বরাদ্দ হতে নির্বাহ হবে। | ১. অতিরিক্ত সচিব (অর্গাঃ সাঃ এন্ড ইনোঃ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br><br>২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| | বিসিসির নির্বাহী পরিচালক জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর অনুষ্ঠান/উৎসবাদি খাতের বরাদ্দ হতে উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে। উপসচিব, আইসিটি (প্রমোশন) সভাকে জানান যে, এ বিভাগের চলতি ২০১৮-১৯ অর্থ বছরের অনুষ্ঠান/উৎসবাদি খাতের বাজেট বরাদ্দ হতে প্রস্তাবিত ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রয়েছে। তৎপ্রেক্ষিতে উপজেলা পযায়ের উন্নয়ন মেলায় অংশগ্রহনের আংশিক ব্যয় নির্বাহ বাবদ মোট ২১,৪০,০০০/- (একুশ লক্ষ চল্লিশ হাজার) টাকা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অনুষ্ঠান/উৎসবাদি খাতের বরাদ্দ হতে নির্বাহের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষন করেন। | | |
| ১১. | আইসিটি অধিদপ্তর কর্তৃক মেলায় তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট টেকনিক্যাল সাপোর্ট ও সেবা প্রদান | জেলা-উপজেলা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রদত্ত উল্লেখযোগ্য সেবাসমূহ মেলা চলাকালীন সময়ে সরাসরি মেলা প্রাঙ্গন হতে প্রদান করতে হবে। | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

১২. <u>মনিটরিং কমিটি গঠনঃ</u>

এ বিভাগ ও অধীনস্থ সংস্থা হতে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কেন্দ্রীয়ভাবে একটি মনিটরিং কমিটি গঠন করা হলো। উক্ত কমিটি জেলা-উপজেলা পর্যায়ে এ বিভাগের অংশগ্রহণের বিষয়টি সার্বিক মনিটরিং ও সরেজমিনে পরিদর্শন করবেন।

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব (অর্গাঃ সাঃ এন্ড ইনোঃ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আহ্বায়ক |
| (২) অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (৩) অতিরিক্ত সচিব (আইসিটি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (৪) অতিরিক্ত সচিব (সাধারণ সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (৫) যুগ্ম সচিব (ই-সার্ভিস পলিসি এন্ড এ্যাক্ট), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (৬) যুগ্ম সচিব (উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (৭) যুগ্ম সচিব (অর্গাঃ সাঃ এন্ড ইনোঃ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (৮) উপসচিব (পলিসি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (৯) উপসচিব (আইসিটি প্রমোশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (১০) উপসচিব (সংস্থা-১), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (১১)উপ-প্রধান (প্লানিং),তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (১২) উপসচিব (সমন্বয়),তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (১৩) উপসচিব (সংস্থা-২), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (১৪) উপসচিব (বাজেট), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (১৫) উপসচিব (লজিস্টিক সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (১৬) উপসচিব (পার্সোনাল সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (১৭-২১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর হতে প্রস্তাবিত ০৫ (পাঁচ) জন | সদস্য |
| (২২-২৪) বিসিসি হতে প্রস্তাবিত ০৩ (তিন) জন | সদস্য |
| (২৫-২৭) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে প্রস্তাবিত ০৩ (তিন) জন | সদস্য |
| (২৮-৩০) সিসিএ হতে প্রস্তাবিত ০৩ (তিন) জন | সদস্য |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
জুয়েনা আজিজ
সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

স্মারক নম্বর : ৫৬.০০.০০০০.০২৬.২৯.০১৯.১৬-১০৪

তারিখ : ১ আশ্বিন ১৪২৫
১৬ সেপ্টেম্বর ২০১৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪. নিয়ন্ত্রক, কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ (সিসিএ), আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (আইসিটি/পরিকল্পনা ও উন্নয়ন/সাধারণ সেবা অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৭. যুগ্মসচিব (অর্গাঃ সাঃ এন্ড ইনোঃ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক (সকল), আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (অর্গাঃ সাঃ এন্ড ইনোঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা।

১৬/০৯/১৮

ড. মুহম্মদ মেহেদী হাসান
উপসচিব (আইসিটি প্রমোশন)
☎ :৫৫০০৬৮৫৮
ইমেইল :mehedi@ictd.gov.bd